দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 29 APR 2016 ...
পৃষ্ঠা ... ১২ কলাম ... ৪ ...

# শিক্ষার নিরাপত্তা নিয়ে আমরা উদ্বিগ্ন ॥ নাহিদ

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার নিরাপত্তা নিয়ে আমরা খুবই উদ্বিগ্ন। আইনীভাবে শিক্ষায় আঘাতকারীদের মোকাবেলা করে বিচারের সম্মুখীন করতে হবে। এ ব্যাপারে যথাসম্ভব সবাইকে ঐক্যবদ্ধ ও সতর্ক থাকতে। বৃহস্পতিবার সিলেটের আদালত প্রাঙ্গণে জাতীয় আইনগত সহায়তা দিবসের আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথাগুলো বলেন। তিনি বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের নিজস্ব কোন নিরাপত্তা বাহিনী নেই যে শিক্ষা প্রতিষ্ঠানের নিরাপত্তা বিধান করবে। পুলিশের সহায়তা নিয়ে আমরা নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করছি।

এর আগে জাতীয় আইনগত দিবস উপলক্ষে সিলেটের জেলা ও দায়রা জজ মনির আহমদ পাটোয়ারির সভাপতিত্বে লিগ্যাল এইড অফিসার তসলিমা শারমিনের পরিচালনায় আদালত প্রাঙ্গণে আয়োজিত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

---

শহরের স্বদেশী বাজার এলাকার হোটেল মতিনের ১৬ নম্বর কক্ষে রাত যাপনের জন্য উঠে। বৃহস্পতিবার দুপুরে বাইরে থেকে রুমের দরজা তালাবদ্ধ অবস্থায় দেখে হোটেল কর্তৃপক্ষ পুলিশকে খবর দিলে তালা ভেঙ্গে আয়েশার লাশ উদ্ধার করা হয়। কথিত স্বামী নয়ন মিয়া পলাতক রয়েছে। এই ঘটনায় হোটেল ম্যানেজার আব্দুস সাত্তার, কর্মচারী মন্টু মিয়া ও জাফর আলীকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে। এদিকে ধোবাউড়া উপজেলার পুটিমারী গ্রামে বৃহস্পতিবার প্রতিপক্ষের হামলায় মোসলেম উদ্দিন (৫৬) নামে এক কৃষক খুন হয়েছে।

**ঝালকাঠি ॥** কলেজ খেয়াঘাট সংলগ্ন সুগন্ধা নদীর মিনিপার্ক এলাকায় অজ্ঞাত নবজাতকের মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। পুলিশ বৃহস্পতিবার বেলা ১১টায় মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছেন।

**মুন্সীগঞ্জ ॥** লৌহজং উপজেলার গোয়ালী মান্দ্রা গ্রামে জনি দেওয়ান (২৮) নামের এক যুবকের ঝুলন্ত লাশ বৃহস্পতিবার উদ্ধার হয়েছে। সে ওই গ্রামের নজরুল ইসলাম মেম্বারের পুত্র।